০১

পত্র প্রাপ্তি
ডকেট নম্বর ০৫৪ তারিখ ৭/২/২০২৪
ও.এস/সিএ-কাম-ইউডিএ/সাঁটমুদ্রাক্ষরিক/অফিস সহকারী/
......................................
উনিক, আদমদিঘি, বগুড়া।
জরুরী/অতি জরুরী/পেশ করুন/সংরক্ষণ করুন/নথিভুক্ত করুন


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
আঞ্চলিক কেন্দ্র, রংপুর


"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

"সকলের জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

স্মারকঃ বাউবি/ররিসে/৮৯(৮০) তারিখঃ ২৫/০১/২০২৪

উপজেলা নির্বাহী কর্মকর্তা
উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়
আদমদিঘি, বগুড়া ।

বিষয় ঃ বাউবির ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এন্ড এপ্লিকেশন প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি আপনার দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ প্রসংগে।

মহোদয়,
উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রমকে কর্মমুখী ও গণমুখী করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পেশাগত দক্ষতার উন্নয়ন এবং কম্পিউটার প্রযুক্তির উপর দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে বাউবির রংপুর আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন **'বেগম রোকেয়া বিশ্বদ্যিালয়,রংপুর'** স্টাডি সেন্টারে ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এন্ড এপ্লিকেশন প্রোগ্রামে ভর্তি চলছে।

এমতাবস্থায়, আপনার কর্ম এলাকার মানব সম্পদ উন্নয়নের জন্য ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এন্ড এপ্লিকেশন প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি এদতসংগে প্রেরণ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

বাউবির শিক্ষাকার্যক্রম সম্প্রসারণে আপনার সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।

২৫/০১/২০২৪
(মোঃ মোকছেদার রহমান)
আঞ্চলিক পরিচালক
ফোনঃ ০১৭১৬-৬৯৫৯১৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ
১. রেজিস্ট্রার, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. সংরক্ষণ নথি।

দৃষ্টি আকর্ষণঃ সহকারী প্রোগ্রামার
(কিউআর কোডে প্রদত্ত ভর্তি বিজ্ঞপ্তির ফাইলটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো।)

